

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
লাইব্রেরি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.২০.০৯৬.২৪.

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২
০৩ জুন ২০২৫

প্রাপক: চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০২৪-২০২৫ অর্থ বছরে 'বই-পুস্তক বাবদ মঞ্জুরি খাত' থেকে বেসরকারি গ্রন্থাগারে আর্থিক অনুদান প্রদান।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থ বছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (সচিবালয়)-এর সাধারণ কার্যক্রমের আওতায় অপারেশন কোড-১৩৪০১০১১১১১৩৪ এবং অর্থনৈতিক কোড-৩৮২১১০৭ 'বই-পুস্তক বাবদ মঞ্জুরি খাত' থেকে 'সাধারণ কোটা' (৮০%) -এ বরাদ্দকৃত টাকা থেকে বরিশাল বিভাগের নিম্নলিখিত বেসরকারি গ্রন্থাগারসমূহের অনুকূলে ৫৩.০০.২০০/- (তেপান্ন লক্ষ দুইশত) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে:

ক্রমিক	গ্রন্থাগারের নাম ও ঠিকানা	ক্যাটাগরি	মঞ্জুরিকৃত অনুদানের পরিমাণ	মোট মঞ্জুরির ৫০% বই বাবদ	মোট মঞ্জুরির ৫০% অর্থ বাবদ
বরিশাল জেলা					
১.	আগৈলঝাড়া পাবলিক লাইব্রেরি, কেজি স্কুল রোড, আগৈলঝাড়া, বরিশাল	গ	৫৬,১০০/-	২৮,০৫০/-	২৮,০৫০/-
২.	হাজী আব্দুল আজিজ আকন্দ স্মৃতি পাঠাগার, গ্রাম: চরাদী, পো: রাণীর হাট, থানা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল	গ	৫৬,১০০/-	২৮,০৫০/-	২৮,০৫০/-
৩.	আনন্দ পাবলিক লাইব্রেরী মিরাবাড়ী সড়ক, বটতলা, বরিশাল, উপ: বরিশাল সদর, জেলা: বরিশাল	খ	৬৭,১০০/-	৩৩,৫৫০/-	৩৩,৫৫০/-
৪.	বানারীপাড়া পাবলিক লাইব্রেরী বানারীপাড়া, বরিশাল, পোস্ট কোড-৮২৯০	ক	৮১,১০০/-	৪০,৫৫০/-	৪০,৫৫০/-
৫.	স্পীকার আ: জব্বার খান স্মৃতি পাবলিক লাইব্রেরি, ভূতেদিয়া, বাবুগঞ্জ, বরিশাল	ক	৮১,১০০/-	৪০,৫৫০/-	৪০,৫৫০/-
৬.	অন্বেষণ গণপাঠাগার ও সমাজ উন্নয়ন কেন্দ্র, নাজিরপুর, মুলাদী, বরিশাল	ক	৮১,১০০/-	৪০,৫৫০/-	৪০,৫৫০/-
৭.	কবি মনজুর মহসিন গণগ্রন্থাগার, গ্রাম: সোনাহার, পো: খলিসা কোট, থানা: বানারীপাড়া, জেলা: বরিশাল	গ	৫৬,১০০/-	২৮,০৫০/-	২৮,০৫০/-
৮.	হুদনুহ মেমোরিয়াল সংসদ ও পাঠাগার, গ্রাম-বলরামপুর, পো: ডুমুরতলা, উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল	গ	৫৬,১০০/-	২৮,০৫০/-	২৮,০৫০/-
৯.	হাজী মো. আবুসার আলী বাড়ী পাঠাগার, গ্রাম ও ডাক: গাজিরপাড়, উপ: উজিরপুর, জেলা: বরিশাল	গ	৫৬,১০০/-	২৮,০৫০/-	২৮,০৫০/-

২০২৩-২৪
০২

জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০

পিএবিএক্স (অটো): ২২৩৩৮৫৭৪৩, ২২৩৫০৫৮২; ফ্যাক্স: ২২৩৩৫২২১

E-mail: granthakendro.org@gmail.com Web: www.jgk.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৭.০০০০.১০৬.৯৯.০০১.২৪.ব-১৫

তারিখ: ১০-০৯-২০২৪

বিষয়: জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে ২০২৩-২০২৪ অর্থবছরের অনুদানের বই সংগ্রহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে উল্লেখ করা যাচ্ছে যে ২০২৩-২০২৪ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে সরকারি অনুদান হিসেবে আপনার গ্রন্থাগারের অনুকূলে ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকার অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। উক্ত মঞ্জুরির ৫০% অর্থ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে ইতোমধ্যে ই-ব্যাংকিং-এর মাধ্যমে গ্রন্থাগারের ব্যাংক একাউন্টে প্রেরণ করা হয়েছে। এই পরিপ্রেক্ষিতে বিদ্যমান নীতিমালার ১২.১ উপানুচ্ছেদের বিধানানুযায়ী অনুদান মঞ্জুরির অবশিষ্ট ৫০% অর্থের সমমূল্যের বই নিম্নবর্ণিত শর্ত অনুসরণপূর্বক জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, অনুমোদিত বইয়ের তথ্য-সংবলিত একটি গ্রন্থ-তালিকা (ক্যাটালগ) জাতীয় গ্রন্থকেন্দ্রে রাখা আছে, সেখান থেকে গ্রন্থাগারের জন্য প্রয়োজনীয় বই বাছাই করে নেয়ার সুযোগ রয়েছে।

শর্তাবলি:

১. নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বই সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে—

ক্রমিক	বিভাগ	বই সংগ্রহের সময়সূচি
১.	রংপুর	১৭/০৯/২০২৪ - ২৬/০৯/২০২৪
২.	বরিশাল	২৯/০৯/২০২৪ - ১০/১০/২০২৪
৩.	রাজশাহী	১৪/১০/২০২৪ - ২৪/১০/২০২৪
৪.	ঢাকা	২৭/১০/২০২৪ - ০৭/১১/২০২৪
৫.	খুলনা	১০/১১/২০২৪ - ১৮/১১/২০২৪
৬.	ময়মনসিংহ	১৯/১১/২০২৪ - ২৫/১১/২০২৪
৭.	চট্টগ্রাম	২৬/১১/২০২৪ - ১২/১২/২০২৪
৮.	সিলেট	১৫/১২/২০২৪ - ১৮/১২/২০২৪

২. বই গ্রহণের জন্য আপনার গ্রন্থাগারের সীল (গ্রন্থাগারের নাম ও পূর্ণ ঠিকানা সংবলিত) আবশ্যিকভাবে সঙ্গে আনতে হবে;
৩. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রেরিত জিও-এর অনুলিপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে;
৪. বই সংগ্রহকালীন বরাদ্দকৃত অর্থের ২০% টাকায় মুক্তিযুদ্ধ, ইতিহাস-ঐতিহ্য এবং শিশুতোষ বই অবশ্যই সংগ্রহ করতে হবে;
৫. গ্রন্থাগারের পক্ষে যিনি বই সংগ্রহ করবেন তার 'নমুনা-স্বাক্ষর ও ছবি' গ্রন্থাগারের সভাপতি/সাধারণ সম্পাদক কর্তৃক প্রত্যয়নকৃত হতে হবে;
৬. গ্রন্থাগারের পক্ষে যিনি বই গ্রহণ করবেন তার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;
৭. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে ব্যাংকিং চ্যানেলে প্রেরিত অর্থপ্রাপ্তির তথ্য-সংবলিত সর্বশেষ ব্যাংক স্টেটমেন্ট (সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়িত) সঙ্গে আনতে হবে;
৮. নির্ধারিত যাতায়াত ভাতা প্রাপ্তির জন্য গ্রন্থাগারের প্যাডে পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র বরাবর আবেদন করতে হবে;
৯. বই সংগ্রহ/গ্রহণের জন্য প্রয়োজনীয় বস্তা/কার্টুন ও সুতলি/রশি সঙ্গে আনতে হবে এবং নিজ উদ্যোগে বই নেয়ার ব্যবস্থা করতে হবে;
১০. কাগজপত্র অসম্পূর্ণ থাকলে বই প্রদান করা হবে না।

বিশেষ দৃষ্টব্য: অনুদানের বই সংগ্রহের জন্য দুপুর ১২:০০টার পূর্বে জাতীয় গ্রন্থকেন্দ্রের সংশ্লিষ্ট বিভাগে আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান করতে হবে। এ সময়ের পর কোনো আবেদনপত্র জমা নেয়া হবে না।

Asim Begum
10.09.24
(আফসানা বেগম)
পরিচালক

প্রাপক: সভাপতি/সাধারণ সম্পাদক
ইউনুছ মেমোরিয়াল সংসদ ও পাঠাগার
গ্রাম-বলরামপুর, পো: ডুমুরতলা
উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল।